

বিষয়ঃ রেলপথ মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরে স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ রেলপথ মন্ত্রণালয়ের বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২ শাখা এর ইউ. ও. নোট নং-৫৪.০০.০০০০.০৩৫.১০.০০৫.২১-৪৬, তারিখ: ২৬/০৮/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে তথ্য অধিকার বিষয়ে ২০২১-০২২ অর্থবছরে বার্ষিক কর্মপরিকল্পনার কার্যক্রম ১.২ এর (১.২.১)-তে তথ্য অধিকার বিষয়ে স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)।

০২। উল্লেখ্য যে, ২০২১-২০২২ অর্থ বছরে রেলপথ মন্ত্রণালয়ে জুলাই/২০২১-সেপ্টেম্বর/২০২১ সময়কালে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে পূরণকৃত ফরম 'ক' মূলে জনাব আব্দুল মোমেন, উপদেষ্টা সম্পাদক, দৈনিক আমাদের সময়, ১১৮-১২১ তেঁজগাঁও শিল্প এলাকা, ঢাকা, ফোন-৫৫০৩০০০৬ এর ০৬.০৯.২০২১ তারিখে ০২ (দুই) পাতার একটি আবেদনপত্র পাওয়া যায়। উক্ত আবেদনের মাধ্যমে যাচিত তথ্যাদিসমূহ রেলপথ মন্ত্রণালয় সংশ্লিষ্ট নয় বিধায় আবেদনকারীকে তাঁর যাচিত তথ্যের বিষয়ে বাংলাদেশ রেলওয়ের যথাযথ কর্তৃপক্ষ বরাবর আবেদন করার অনুরোধ জানিয়ে তাকে পত্র প্রেরণ করার হয়েছে।

০৩। বর্ণিতাবস্থায়, বার্ষিক কর্মপরিকল্পনার কার্যক্রম ১.২ এর (১.২.১)-তে তথ্য অধিকার বিষয়ে সম্পাদিত উক্ত কার্যক্রম রেলপথ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে লিংকসহ প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(সৈয়দ আহসান হাবিব)
সিনিয়র সহকারী সচিব

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

ফোন: ৪৭১১৪১০৭

ই-মেইল: audit1@mor.gov.bd

সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট
রেলপথ মন্ত্রণালয়
রেলভবন, ঢাকা।

ইউ ও নোট নং-৫৪.০০.০০০০.০০৮.১৮.০২৮.২০-১৩৬

তারিখ: ২৮-০৯-২০২১ খ্রি.

অনুলিপি :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সহকারী সচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা-২), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা [যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৪. অফিস কপি।